**দুর্নীতি দমন কমিশন**
**প্রধান কার্যালয়**
**ঢাকা**
**www.acc.org.bd**

নং দুদক/৩৯-২০১৭/নিয়োগ (নন-গেজেটেড)/সং/ ১০৮৬ তারিখ: ১০/০১/২০১৮

## নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্নীতি দমন কমিশনের নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের জন্য বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ পদের পার্শ্বে উল্লিখিত বেতনক্রমে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতনক্রম | শূন্য পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১. | সহকারী পরিদর্শক জাতীয় বেতনক্রম: ১২৫০০-৪১৩৪১/- (গ্রেড-১১) | ১৭ | ২৮ জানুয়ারি ২০১৮ খ্রিঃ তারিখে বয়স অন্যূন ১৮ ও অনুর্ধ্ব ৩০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি | ঢাকা, চট্টগ্রাম, সিলেট, নারায়ণগঞ্জ, কক্সবাজার, নওগাঁ, রাজশাহী, রংপুর, নীলফামারী, মৌলভীবাজার, সুনামগঞ্জ, গাজীপুর, ঝিনাইদহ, ভোলা, নেত্রকোণা, হবিগঞ্জ, দিনাজপুর, কুষ্টিয়া, বগুড়া, ফেনী, লক্ষ্মীপুর, সাতক্ষীরা, কিশোরগঞ্জ, পঞ্চগড়, মেহেরপুর, পাবনা, ব্রাহ্মণবাড়িয়া, জয়পুরহাট, শরীয়তপুর, চুয়াডাঙ্গা, কুড়িগ্রাম, নাটোর, খুলনা, নড়াইল, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, যশোর, মুন্সীগঞ্জ। |
| ২. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর জাতীয় বেতনক্রম: ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ১ | -ঐ- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে এবং বাংলায় সাঁট-লিপি ও মুদ্রাক্ষরিক-এর সর্বনিম্ন গতি প্রতিমিনিটে যথাক্রমে ৫০ শব্দ ও ২৫ শব্দ এবং ইংরেজিতে ৮০ শব্দ ও ৩০ শব্দ থাকতে হবে। | -ঐ- |
| ৩. | লাইব্রেরিয়ান জাতীয় বেতনক্রম: ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ১ | -ঐ- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রি। | -ঐ- |
| ৪. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর জাতীয় বেতনক্রম: ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ৮ | -ঐ- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে এবং বাংলায় সাঁট-লিপি ও মুদ্রাক্ষরিক-এর সর্বনিম্ন গতি প্রতিমিনিটে যথাক্রমে ৪৫ শব্দ ও ২৫ শব্দ এবং ইংরেজিতে ৭০ শব্দ ও ৩০ শব্দ থাকতে হবে। | -ঐ- |
| ৫. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর জাতীয় বেতনক্রম: ৯৩০০ - ২২৪৯০/-(গ্রেড-১৬) | ১০ | -ঐ- | কোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার) এবং বাংলায় মুদ্রাক্ষরিক-এর সর্বনিম্ন গতি | -ঐ- |

| ক্রমিক নং | পদের নাম ও বেতনক্রম | শূন্য পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| | | | | প্রতিমিনিটে ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ থাকতে হবে। | |
| ৬. | অভ্যর্থনাকারী-কাম-টেলিফোন অপারেটর<br>জাতীয় বেতনক্রম: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১ | -ঐ- | কোন স্বীকৃত বোর্ড হতে ২য় বিভাগে অথবা সমমানের গ্রেড পয়েন্টে উত্তীর্ণ উচ্চ মাধ্যমিক বা সমমানের সার্টিফিকেট | -ঐ- |
| ৭. | নিরাপত্তারক্ষী<br>জাতীয় বেতনক্রম: ৮২৫০ - ২০০১০/- (গ্রেড-২০) | ১ | -ঐ- | অষ্টম শ্রেণি উত্তীর্ণ | চট্টগ্রাম, ঢাকা, নারায়ণগঞ্জ, কক্সবাজার, সিলেট, যশোর, হবিগঞ্জ, মানিকগঞ্জ, ঠাকুরগাঁও, সুনামগঞ্জ, লক্ষ্মীপুর, ব্রাহ্মণবাড়িয়া, ময়মনসিংহ, ভোলা, গাইবান্ধা, বান্দরবান। |
| ৮. | অফিস সহায়ক<br>জাতীয় বেতনক্রম: ৮২৫০ - ২০০১০/- (গ্রেড-২০) | ২ | -ঐ- | অষ্টম শ্রেণি উত্তীর্ণ | -ঐ- |

**আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:**

১। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না;

২। আবেদনকারীর বয়স ২৮ জানুয়ারি তারিখে সর্বনিম্ন ১৮ বৎসর এবং অনুর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীদের ক্ষেত্রে বয়স অতিরিক্ত ০২ বৎসর এবং ০১ থেকে ০৫ নং ক্রমিকে বর্ণিত পদসমূহের ক্ষেত্রে দুর্নীতি দমন কমিশনে কর্মরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৫ (পাঁচ) বছর পর্যন্ত শিথিলযোগ্য;

৩। বিভাগীয় প্রার্থী কর্তৃক আবেদনপত্র পূরণের সময় Department Candidate-এর ঘরে (√) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে, বিভাগীয় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে অনাপত্তিপত্র গ্রহণ করতে হবে এবং অনাপত্তিপত্রের মূলকপি মৌখিক পরীক্ষা গ্রহণকালে প্রদর্শন করতে হবে;

৪। সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

৫। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে;

৬। ক্রমিকনং ১ থেকে ৬ পর্যন্ত বর্ণিত পদের প্রার্থীদের পরীক্ষার ফি হিসেবে ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং ৭ ও ৮ এ বর্ণিত পদের প্রার্থীদের পরীক্ষার ফি হিসেবে ৫০/- (পঞ্চাশ) টাকা আবেদনের নিয়মাবলী অনুসরণ করে SMS-এর মাধ্যমে প্রদান করতে হবে।

৭। কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৮। প্রার্থীগণের বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৯। দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার স্মারক নং দুদক/৯২-২০১৪(গ)/সংস্থাপন/২৯৭, তারিখ: ০৬/০১/২০১৫ মূলে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত 'অফিস সহায়ক' পদের নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তির অংশটুকু এতদ্বারা বাতিল করা হলো।

১০। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত তথ্যাবলি:**

(ক) আগ্রহী প্রার্থীকে Online-এ আবেদন করতে হবে। সে লক্ষ্যে http://acc.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা অনুসারে Online-এ আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(১) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৪ জানুয়ারি ২০১৮ সকাল ১০:০০ টা;

(২) Online-এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময়: ২৮ জানুয়ারি ২০১৮ সন্ধ্যা ৬:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন;

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন;

(গ) যেহেতু Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কেও প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন;

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। পরীক্ষার ফি বাবদ সহকারী পরিদর্শক, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, লাইব্রেরিয়ান, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর ও অভ্যর্থনাকারী-কাম-টেলিফোন অপারেটর পদের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা এবং নিরাপত্তারক্ষী ও অফিস সহায়ক পদের ক্ষেত্রে ৫০/- টাকা জমা করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না";

প্রথম SMS: ACC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: ACC <space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS-এর Password পাবেন। এই Passwordটি Admit Card (প্রবেশপত্র) Download-এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://acc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। Admit Card (প্রবেশপত্র) Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে;

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগন নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন;

(১) User ID জানা থাকলে ACC<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: ACC Help User ABCDEF & Send to 16222.

(২) PIN Number জানা থাকলে: ACC<space>Help<space>PIN<space> PIN No & Send to 16222.

Example: ACC Help PIN 12345678 & Send to 16222.

(ঝ) নিয়োগ বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট www.acc.org.bd-এ পাওয়া যাবে।

১১। <u>প্রার্থীর যোগ্যতা যাচাই:</u>

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্ব করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

(খ) যদি কোন প্রার্থী বাংলাদেশী নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১২। **নির্বাচন পদ্ধতি:**

(ক) **বাছাই পরীক্ষা:** প্রাপ্ত দরখাস্ত বাছাইয়ের পর যোগ্য প্রার্থীদেরকে ১০০ নম্বরের প্রাথমিক বাছাই পরীক্ষার জন্য ডাকা হবে। প্রাথমিক বাছাইয়ে যে সকল প্রার্থী যোগ্য বলে বিবেচিত হবে তাদেরকে লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে।

(খ) **লিখিত পরীক্ষা:** নিম্নলিখিত ০৩টি বিষয়ের উপর মোট ৩০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে:

৩য় শ্রেণির পদের জন্য:

| ক্রমিক নং | পরীক্ষার বিষয় | নৈর্ব্যক্তিক/রচনামূলক | মান বন্টন |
|---|---|---|---|
| ০১। | বাংলা ও ইংরেজী | ক) রচনামূলক<br>খ) নৈর্ব্যক্তিক | ৩০+৩০=৬০<br>২০+২০=৪০<br>মোট= ১০০ |
| ০২। | চলতি ঘটনাবলী ও সাধারণ জ্ঞান | ক) রচনামূলক<br>খ) নৈর্ব্যক্তিক | ৫০<br>৫০<br>মোট= ১০০ |
| ০৩। | কম্পিউটার (মাইক্রোসফ্‌ট ওয়ার্ড, এক্সেল, একসেস, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট, ব্রাউজিং ইত্যাদি) | ক) লিখিত (তাত্ত্বিক)<br>খ) ব্যবহারিক (মুদ্রাক্ষর গতি, সাঁটলিপি) | ৫০<br>৫০<br>মোট= ১০০ |

(১) প্রত্যেক বিষয়ের ১০০ নম্বরের পরীক্ষার জন্য দুই ঘন্টা সময় নির্ধারিত থাকবে।

(২) প্রত্যেক বিষয়ে পরীক্ষার পাশ নম্বর ৫০% হবে। প্রতিটি বিষয়ে পৃথকভাবে পাশ করতে হবে। উত্তীর্ণ প্রার্থীদের মেধা ক্রমঃ তালিকা অনুসরণে কমিশনের সিদ্ধান্তমতে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

(গ) **মৌখিক পরীক্ষা:** লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের বাছাইয়ের জন্য গঠিত নির্বাচনী বোর্ড কর্তৃক ৫০ নম্বরের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সার্টিফিকেটের মূল কপি দেখাতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

১৩। **বিবিধ:**

(ক) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.acc.org.bd ওয়েবসাইটে পাওয়া যাবে;

(খ) মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীকে (১) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, (২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কমিশনার/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (৩) প্রথম শ্রেণীর গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (৪) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনপত্রসহ প্রযোজ্য অন্যান্য সনদ/প্রত্যয়নপত্রের মূলকপি আনতে হবে। তাছাড়া চাকুরীরত ব্যক্তিদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার ছাড়পত্রটি সাক্ষাৎকারের সময় দাখিল করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা, মহিলা, এতিম, প্রতিবন্ধী এবং উপজাতি প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে;

(গ) পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

মহাপরিচালক (প্রশাসন)
দুর্নীতি দমন কমিশন